দৈনিক সংবাদ

তারিখ 09 MAR 1992
পৃষ্ঠা ৮ কলাম ৫

### চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে ত্রিপক্ষীয় বৈঠকে ঐকমত্য

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৮ই মার্চ ।- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, চাকসু ও ছাত্র ঐক্য এবং স্থানীয় প্রশাসন ঐকমত্যে পৌঁছেছে।

গতকাল শনিবার চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়রের কার্যালয়ে এ ব্যাপারে ত্রিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এতে আগামী ১৪ই মার্চ থেকে বিশ্ববিদ্যালয় ছাত্রাবাস খালি করার সিদ্ধান্ত নেয়া হয়।

বৈঠকে উপাচার্য রফিকুল ইসলাম চৌধুরী, চাকসু ভিপি নাজিমুদ্দিন, চট্টগ্রামের জেলা প্রশাসক, চট্টগ্রাম অঞ্চলের ডিআইজি ও এসপি, সিটি কর্পোরেশনের মেয়র মীর নাসিরউদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন।

বৈঠকে ক্যাম্পাসের দেয়াল থেকে ছাত্র সংগঠনগুলোর দেয়াল লিখন মুছে ফেলা, ক্যাম্পাসে অবস্থানকালে প্রত্যেক ছাত্রকে লেমিনেটেড পরিচয়পত্র বুকে ধারণ, সভা ও মিছিল করার আগে প্রক্টরের অনুমতি নেয়া প্রভৃতি সিদ্ধান্ত নেয়া হয়।